

29

86

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে
গতকাল থেকে ক্লাস
শুরু হয়েছে**

কুষ্টিয়া, ১৬ই মে (নিজস্ব সংবাদদাতার ফোন)।- বিকল্প ব্যবস্থায় আজ বুধবার থেকে কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী আফর আহমদ আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন।

প্রধানমন্ত্রী কাজী আফর আহমদ সকলের জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ব্যতিক্রমী চিন্তা এবং পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

ডঃ মোহাম্মদ সিরাজুল ইসলাম আনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

প্রধানমন্ত্রী ইসলামী বিশ্ববিদ্যালয়কে সম্ভ্রামূলক রাখার ব্যাপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে সমগ্র সর্বস্তরের সক্রিয় সহযোগিতা কামনা করেন।

পূর্তমন্ত্রী মোস্তফা জামাল হায়দার এবং সংসদ সদস্যবৃন্দ, বিদ্যোদী দলের চীফ ছইপ, প্রশাসনিক কর্মকর্তা ও স্থানীয় কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

**স্থান সংকুলানের
ব্যাপারে নির্দেশ**

প্রধানমন্ত্রী কাজী আফর আহমদ ইসলামী বিশ্ববিদ্যালয় ও তার বিভিন্ন অফিসের অস্থায়ী স্থান সংকুলানের ব্যাপারে তাৎক্ষণিকভাবে কিছু সিদ্ধান্ত নেন ও তা অবিলম্বে বাস্তবায়নের জন্য সমগ্র সর্বস্তরের কর্মকর্তাদের নির্দেশ দেন।

প্রধানমন্ত্রী ছাত্রদেরকে দু'টি বাস পেমার ঘোষণা দেন এবং বিশ্ববিদ্যালয় ভবনের কার্য শেষ করার জন্য পূর্ত বিভাগকে তিন শিফটে কাজ করার নির্দেশ দেন।